

## আনন্দবাজার পত্রিকা

জোর কেন?

১৮/০৭/২০১৯

অধ্যাপক অমর্ত্য সেনের একটি বক্তব্যের পরিপ্রেক্ষিতে 'হয়নি মানে হবে না?' (১০-৭) শীর্ষক চিঠি প্রসঙ্গে বলতেই হয়, অধ্যাপক সেন যা বলতে চাইছেন, তা বোধ হয় পত্রলেখকের বোধগম্য হয়নি। অমর্ত্য সেনের আসল আপত্তি তো 'জয় শ্রীরাম' বাণীটা জোর করে গিলিয়ে দেওয়া নিয়ে। এখন যা ঘটছে তা তো রামের নামগান নয়, তাঁর নাম করে লোক পেটানো। পত্রলেখক 'নিউ ইয়ার্স ডে' 'ভ্যালেন্টাইন্স ডে' 'ক্রিসমাস ডে' ইত্যাদি সম্পর্কে বলেছেন, এ সব বাংলার সংস্কৃতির উৎসব না হওয়া সত্ত্বেও আজ উৎসবের মেজাজেই পালিত হচ্ছে বাংলায়। ঠিকই তো! বাংলা তথা ভারতের এটাই তো বিশেষত্ব! কিন্তু এগুলির কোনওটাই কি কেউ জোর করে, সন্ত্রাস করে গিলিয়ে দিয়েছে আমাদের? এগুলি কি কোনও কালেই কোনও নির্দিষ্ট দলের অধিকারের মধ্যে সীমাবদ্ধ ছিল, না আছে? এই উৎসবগুলি তো মানুষের ব্যক্তিগত ইচ্ছা-অনিচ্ছার ব্যাপার। মানুষ নিজে থেকেই এই উৎসবগুলি পালন করে আসছেন। আবার সবাই যে সব উৎসব পালন করেন, এমনটাও নয়। রামকে যদি ভগবান রূপেই পূজা করা হয়, তবে ভগবানের নামে মানুষের উপর সন্ত্রাস বা জোর-জবরদস্তি করার অধিকার কি কারও আছে? এর আগে তো বাংলায় কোনও কালে 'জয় মা কালী', 'জয় শিব', 'জয় দুর্গা' ইত্যাদি বলতে বাধ্য করার ব্যাপার হয়নি! এখন কেন হচ্ছে? রামের নামে এই ধরনের গুন্ডামির বিরুদ্ধে কথা বলাকেই কি পত্রলেখক 'ঔদার্যহীনতার পরিচায়ক' বলেছেন?

সৌমিক মুখোপাধ্যায়